

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
পরিবহন অধিশাখা।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ আশ্বিন, ১৪২৪/২৫ সেপ্টেম্বর, ২০১৭

নং ০৫.০০.০০০০.১২১.২৬.০০৩.১৭-৬৯৯—প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০১৭ (সংশোধিত) এর নীতি-১০(১) এ গাড়ি মেরামত/সংরক্ষণ, জ্বালানি, ড্রাইভারের বেতন ইত্যাদি খরচ বাবদ মাসিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণ করা হল এবং উক্ত নীতিমালার নীতি-১৬ এ প্রেষণ/মাঠ প্রশাসন/প্রকল্পে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত কোন কর্মকর্তার সার্বক্ষণিক গাড়ি ব্যবহারের সুবিধা থাকলে নিজ গাড়ি সচল রাখার প্রয়োজনে গাড়ি মেরামত/সংরক্ষণ, জ্বালানি, ড্রাইভারের বেতন ইত্যাদি খরচ বাবদ গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়ের শতকরা ৫০% হারে অর্থ প্রাপ্য হবেন। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

০২। এ আদেশ ০১-০৭-২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মালেকা খায়রুন্নেছা  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১০৩১৩ )

মূল্য : টাকা ৪.০০